

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
গোয়ালন্দ, রাজবাড়ী  
www.goalanda.rajbari.gov.bd

গোয়ালন্দ উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি ডিসেম্বর/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ জাকির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী  
তারিখ ও সময় : ২১-১২-২০২২ খ্রিস্টাব্দ, সময় : সকাল ১০.০০  
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-ক  
অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-খ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে মহান বিজয় দিবস- ২০২২ সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

০২। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ উপস্থাপন এবং বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

০৩। পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন :

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সভার কার্যবিবরণী ইতঃপূর্বে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে মর্মে অবহিত করা হয়। সভায় গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে পর্যালোচনা করা হয় এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়াই কার্যবিবরণী দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

০৪। উপজেলার অপরাধ প্রবণতা :

সভায় গোয়ালন্দ উপজেলার নভেম্বর/২০২২ ও অক্টোবর/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র উপস্থাপন করা হয়, যা নিম্নের সারণিতে দেখানো হলো :

| মাসের নাম    | খুন | ডাকাতি/<br>রাহাজনী | চুরি/<br>সিখেল<br>চুরি | দাঙ্গা/<br>দস্যুতা | মাদক-<br>দ্রব্য | অপহরণ/<br>মানবপাচার | নারী ও<br>শিশু<br>নির্যাতন<br>(ধর্ষণ) | আইন শৃঙ্খলা<br>বিয়্যকারী<br>অপরাধ (দ্রুত<br>বিচার) | চোরচালান | অন্যান্য | মোট |
|--------------|-----|--------------------|------------------------|--------------------|-----------------|---------------------|---------------------------------------|---|----------|----------|-----|
| ১            | ২   | ৩                  | ৪                      | ৫                  | ৬               | ৭                   | ৮                                     | ৯   | ১০       | ১১       | ১৩  |
| নভেম্বর/২০২২ | ২   | -                  | ১                      | -                  | ১৬              | -                   | ৩                                     | ১   | -        | ১১       | ৩৪  |
| অক্টোবর/২০২২ | -   | -                  | ১                      | -                  | ১৯              | -                   | ৪                                     | -   | -        | ১৮       | ৪২  |

সভায় উপস্থাপিত উপজেলার নভেম্বর/২০২২ ও অক্টোবর/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র বিবরণীতে অক্টোবর/২০২২ মাসের তুলনায় নভেম্বর/২০২২ মাসের অপরাধের সংখ্যা হ্রাস পেয়েছে। সভায় আলোচনাকালে গোয়ালন্দ থানার অফিসার ইনচার্জ অপরাধচিত্রের সার্বিক অবস্থার বিশদ বর্ণনায় অপরাধ দমনে গোয়ালন্দ থানার পুলিশ বাহিনী সার্বক্ষণিক তৎপর। পুলিশী টহল বৃদ্ধি এবং বিট পুলিশিং কার্যক্রম আরও জোরদার করা হয়েছে। নভেম্বর/২০২২ মাসে ১৬টি মাদকবিরোধী অভিযান পরিচালনায় ২৭০ পিচ ইয়াবা, ২১ গ্রাম হেরোইন, ৪কেজি ৮৬০ গ্রাম গাঁজা এবং ৫৮ বোতল ফেন্সিডিল উদ্ধার হয়েছে। এ সকল মাদক অপরাধের দায়ে ১৭ জন গ্রেফতার হয়েছে এবং ১৬ টি মামলা দায়ের হয়েছে। মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে পুলিশী তৎপরতা অব্যাহত রয়েছে।

- সিদ্ধান্ত : (১) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অপরাধ প্রবণ এলাকাগুলোতে বিশেষ অভিযান পরিচালনাসহ জঘন্য অপরাধ (Heinous Crime) অপরাধ দমনে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখা।  
(২) উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং গুরুত্বপূর্ণ ঘটনার বিষয়ে নিয়মিত সভাপতিকে অবহিত রাখা।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা।

০৫। মোবাইল কোর্ট পরিচালনা :

সভায় গোয়ালন্দ উপজেলায় নভেম্বর/২০২২ মাসে মোবাইল কোর্ট পরিচালনার পরিসংখ্যান উপস্থাপন করা হয়, যা নিম্নের সারণিতে দেখানো হলো :

| মাসের নাম    | মোবাইল কোর্ট<br>পরিচালনার সংখ্যা | মামলার<br>সংখ্যা | আসামীর<br>সংখ্যা | মামলার রায়                      |               | অব্যাহতি | মন্তব্য |
|--------------|----------------------------------|------------------|------------------|----------------------------------|---------------|----------|---------|
|              |                                  |                  |                  | শাস্তি                           |               |          |         |
|              |                                  |                  |                  | কারাদন্ড                         | অর্থদন্ড      |          |         |
| নভেম্বর/২০২২ | ১৪ টি                            | ৫০ টি            | ৫০ জন            | ৩৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | ৩৬,২০০/- টাকা | -        | -       |

সভাপতি সভায় অবহিত করেন, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, অপরাধ প্রবণতা হ্রাস, আইনের শাসন প্রতিষ্ঠা এবং জননিরাপত্তার জন্য নভেম্বর/২০২২ মাসে ১৪ টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৫০টি মামলায় ৫০ জনকে ৩৬,২০০/- টাকা অর্থদন্ড এবং ৩৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়। মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।


- সিদ্ধান্ত : (১) অপরাধ দমন ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখাসহ বিভিন্ন অপরাধ নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।  
(২) মোবাইল কোর্ট পরিচালনাকালীন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন নিশ্চিত করা।

০৬। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি নিয়ে কমিটির সদস্যদের বক্তব্য/মতামতের আলোকে সভায় বিস্তারিত আলোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচনা   | সিদ্ধান্ত   | বাস্তবায়ন   |
|-------|--|---|--|
| ০১.   | বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা গিয়াস বলেন, বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরোও বলেন, মাদক যে নিয়ন্ত্রণে আছে এটা পুরোপুরি বলা যাবে না। মাদক বিরোধী অভিযান চালাতে হবে। মাদক নিয়ন্ত্রণে প্রতিটি ইউনিয়নে বিট পুলিশিং সভা আয়োজন করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।   | বিট পুলিশিং সভা আয়োজন করা যেতে পারে।                           | ১। অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা।   |
| ০২.   | জনাব নির্মল চক্রবর্তী, সভাপতি হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদ সভাকে জানান যে, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। বাল্য বিবাহ আমাদের সমাজের জন্য একটি ভয়াবহ সমস্যা। বাল্য বিবাহ রোধে পরিবার, সমাজ তথা সকল স্তরের মানুষের নজর থাকা প্রয়োজন। পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। পরিবারের ১৩-১৬ বছরের ছেলে মেয়ারা ইলেক্ট্রনিক্স ডিভাইস ব্যবহার করছে। ফলে সামাজিক অবক্ষয়সহ বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়ছে। সামাজিক অবক্ষয়রোধে পরিবারের অভিভাবকদের নজর রাখতে হবে। | সামাজিক সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে।                           | ১। সংশ্লিষ্ট সকল।  |
| ০৩.   | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, পাটুরিয়া ও দৌলতদিয়া চলাচলরত ফেরী মধ্যে জুয়া খেলা হয়। জুয়াডুরা সাধারণ জনগণের জুয়া খেলায় উদ্বুদ্ধ করে সর্বশাস্ত করে ছুরি দিয়ে আঘাত করে ফেরী থেকে পালিয়ে যায়। ফেরী মধ্যে জুয়া খেলা রোধে নৌ-পুলিশ বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।   | ফেরী মধ্যে জুয়া খেলা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।  | ১। সংশ্লিষ্ট সকল<br>২। ইনচার্জ, দৌলতদিয়া নৌপুলিশ ফাঁড়ি, গোয়ালন্দ।                                       |
| ০৪.   | চেয়ারম্যান, দৌলতদিয়া ইউনিয়ন পরিষদ সভায় অবহিত করেন, তাঁর ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে দালালচক্রের মাধ্যমে তাঁর ইউনিয়ন বিদেশ যাওয়ার প্রবণতা বাড়ছে। অসচেতন জনগণ দালালচক্রের সদস্যদের কাছে তার জমি জমা বিক্রয় করে টাকা দিচ্ছে। পক্ষান্তরে অসচেতন জনগণ বিদেশে যেতে পারছে না। ফলে তারা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। চালালচক্র রোধে জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।   | চালালচক্র রোধ করা যেতে পারে।                                    | ১। সংশ্লিষ্ট সকল<br>২। সহকারী কমিশনার (ভূমি) গোয়ালন্দ, রাজবাড়ী<br>৩। অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা। |
| ০৫.   | জনাব নাগাঁস পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, মাদক দ্রব্য যুব সমাজকে গ্রাস করছে। মাদক নিয়ন্ত্রণে প্রশাসনকে সামাজিক সচেতনতাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।   | মাদক দ্রব্য নিয়ন্ত্রণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | ১। সংশ্লিষ্ট সকল   |
| ০৬.   | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, মারামারি ঘটনা বৃদ্ধি পেয়েছে। মারামারি বন্ধে সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ সকলের সহযোগিতা কামনা করেন।  | মারামারি বন্ধে সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে।                 | ১। সংশ্লিষ্ট সকল   |
| ০৭.   | সাধারণ সম্পাদক, গোয়ালন্দ প্রেস ক্লাব বলেন, এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে বালু ব্যবসায়ী রাতে অন্ধকারে ড্রাম্প ট্রাকে করে বিভিন্ন স্থানে বালু ফেলসে। এছাড়া রাতে বিভিন্ন স্থানে ড্রেজিং কার্যক্রম চলছে। দৌলতদিয়ায় পোড়া ভিটায় মাদক সেবন ও মাদক ব্যবসা চলমান রয়েছে। এ সব সমস্যা সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।  | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।                        | ১। সংশ্লিষ্ট সকল<br>২। সহকারী কমিশনার (ভূমি) গোয়ালন্দ, রাজবাড়ী<br>৩। অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা। |
| ৯.    | এসআই, গোয়ালন্দ ঘাট থানা সভায় জানান যে, বর্তমান আবির্ভূত আতঙ্ক নিয়ে আমরা শঙ্কিত। বর্তমান আবির্ভূত সমস্যা নিয়ে আমরা কাজ করে যাচ্ছে। পাশাপাশি এসব অপরাধ রোধে সামাজিক সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন।   | বর্তমান আবির্ভূত আতঙ্ক নিয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।         | ১। অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা।<br>২। সংশ্লিষ্ট সকল   |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২১/১২/২০২২

(মোঃ জাকির হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি


উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গোয়ালন্দ, রাজবাড়ী।

নম্বর: ০৫.৩০.৮২২৯.০০৪.০৬.০০২.২২- ২৬০৭/৩ (৪৩)

তারিখ: ০৬ পৌষ ১৪২৯  
২১ ডিসেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। আলহাজ্ব কাজী কেরামত আলী, মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ আসন।
- ০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
- ০৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
- ০৫। .....
- ০৬। অফিস কপি।

  
২১/১২/২০২২

উপজেলা নির্বাহী অফিসার  
গোয়ালন্দ, রাজবাড়ী